

একজন শিক্ষক যিনি শিক্ষা দিতে চাইতেন না

প্রার্থনা : “প্রিয় প্রভু। শিশুদের বুঝতে সাহায্য করুন যে ঈশ্বর প্রতিটি দেশের লোকদের প্রেম করেন, এমনকি মন্দ লোকদেরও এবং তাদের জীবন পরিবর্তন করার জন্যেই তিনি কর্মীদের পাঠিয়েছিলেন।”

শিশুদের তাদের বয়স এবং প্রয়োজনের সঙ্গে মানানসই শিক্ষণ প্রণালীগুলো মনোনীত করুন।

যোনা ১, ২ঃ১-১০ এবং ৩ অধ্যায় থেকে একটি বড় শিশু বা শিক্ষককে যোনার গল্পটি পাঠ করতে বা মন থেকে বলতে বলুন।

ব্যাখ্যা করুন যে ঈশ্বর অন্য একটি দেশের মন্দ লোকদের জীবন পরিবর্তন করার জন্য শিক্ষক হিসাবে যোনাকে পাঠিয়েছিলেন। শিক্ষক শিক্ষা না দিলেও ঈশ্বর ঐ সকল লোকদের প্রেম করেন।

এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন (প্রতিটি প্রশ্নের পর উত্তর প্রদত্ত হয়েছে।)

- ঈশ্বর কেন বাড় পাঠিয়েছিলেন? (যোনা ১ঃ৩-৪ দেখুন)
- ঝড়ের বিষয়ে যোনা নাবিকদের কি করতে বলেছিলেন? (যোনা ১ঃ১২)



- নাবিকরা যোনাকে সমুদ্রে ছুঁড়ে ফেলে দিলেও তিনি সমুদ্রে ডুবে যান নি কেন? (যোনা ১ঃ১৭)
- যোনার বার্তা শোনার পর নীনবীর রাজা কি করেছিলেন? (যোনা ৩ঃ৬-৮, তিনি অনুতাপ করেছিলেন এবং তাঁর লোকদের অনুতাপ করতে বলেছিলেন।)

ব্যাখ্যা করুন, অনুতাপের অর্থ হল পাপ থেকে ফিরে ঈশ্বরের বাধ্য হওয়া। তাঁর পবিত্র আত্মা আমাদের এরকম করতে সাহায্য করে।

- নীনবীর লোকেরা অনুতাপ করার পর ঈশ্বর তাদের জন্য কি করেছিলেন (যোনা ৩ঃ১০)

যোনার গল্পের কয়েকটি অংশ নাটকে পরিণত করুন। আরাধানার নেতার সাহায্যে শিশুদের দিয়ে সংক্ষিপ্ত নাটকটি উপস্থাপন করার ব্যবস্থা করুন। শিশুদের দিয়ে নাটকটি প্রস্তুত করানোর জন্য আপনার শিক্ষাদানের সময় ব্যবহার করুন। বড় শিশুদের ছোটদের প্রস্তুত করতে সাহায্য করতে দিন।

- যদি সবগুলো চরিত্রে অভিনয় করার জন্য যথেষ্ট শিশু না থাকে তবে বর্ণনাকারীকে তার চরিত্রের কথোপকথনটি পাঠ করতে বলুন।
- বড় শিশুদের অথবা প্রাপ্ত বয়স্কদের ঈশ্বরের রব, যোনা এবং বর্ণনাকারীর চরিত্রে অভিনয় করতে দিন।
- ছোট শিশুদের নাবিক, তিমি এবং নীনবীর রাজার ভূমিকায় অভিনয় করতে দিন।

বর্ণনাকারী : যোনা ১ অধ্যায় থেকে গল্পের প্রথম ভাগটি বলুন। তারপর বলবেন, “শুনুন, ঈশ্বর কি বলছেন।”

ঈশ্বরের রব : “যোনা, যাও নীনবীর লোকদের মন্দ কাজ বন্ধ করতে বল।”

যোনা : “আমি ঐ লোকদের ঘৃণা করি। আমি জাহাজে উঠে অন্য কোথাও চলে যাব।”

নাবিকগণ : এমনভাবে দুলাতে থাকবে যেন মনে হবে তারা জাহাজে আছে। এইভাবে চীৎকার করবেন : “কি ভয়ঙ্কর ঝড় হচ্ছে।”

“ঝড়ে নৌকা ডুবে যাচ্ছে!”

“টেউয়ে আমরা ডুবে যাব!”

যোনা : ঘুম থেকে ওঠার ভাগ করবে। চীৎকার করবে, “ঈশ্বর আমার ওপর ক্রুদ্ধ হয়েছেন। আমাকে সমুদ্রে ছুঁড়ে দিন, তাহলেই ঝড় থেমে যাবে।”

তিমিঃ যোনার কাছে সাঁতার কেটে আসার ভাণ করবে। বলবে, “এটা বড় মজার দেখতে মাছ। কিন্তু আমার খুব খিদে পেয়েছে, সুতরাং আমি তাকে খাব।” (তাকে গিলে ফেলার ভাণ করবে।) বলবে, “ওরে বাপরে বাপ! কি ভীষণ পেট ব্যাথা করছে। আমি তাকে বমি করে বের করে দেব!”

বর্ণনাকারীঃ গল্পের দ্বিতীয় ভাগটি বলবে (যোনা ২ঃ১-১০ এবং ৩ অধ্যায়)।

তারপর বলবে, “শুনুন, ঈশ্বর কি বলছেন।”

ঈশ্বরের রবঃ চীৎকার করে, “যোনা, নীনবীতে যাও!”


যোনাঃ কাঁপতে কাঁপতে নীনবীর লোকদের কাছে যাবে। ত্রুঙ্কভাবে চীৎকার করবে, “অনুতাপ কর, নতুবা ঈশ্বর তোমাদের শহর ধ্বংস করে দেবেন।”

রাজাঃ বস্ত্র ছিঁড়ে ফেলে মাটিতে বসার ভাণ করবে, “আমরা সকলে অনুতাপ করব!”

ঈশ্বরের রবঃ “আমি অনন্দিত যে তোমরা অনুতাপ করেছ। আমি তোমাদের প্রেম করি। আমি তোমাদের ধ্বংস করব না।”

বর্ণনাকারী অথবা একটি বড় শিশুঃ যারা নাটকটি করতে সাহায্য করেছেন তাদের সকলকে ধন্যবাদ।

প্রশ্নাবলীঃ শিশুরা যদি প্রাপ্ত বয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করে, তবে তাদের ওপরের তালিকার প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে দিন।



শিশুদের একটা বড় মাছের ছবি আঁকতে দিন। আরাধনার সময় তাদের বড়দের কাছে ছবিগুলো দেখাতে দিন এবং ব্যাখ্যা করতে বলুন যে এই ছবিটা ব্যাখ্যা করে যে ঈশ্বর অন্য দেশের লোকদেরও প্রেম করেন, এমন কি অনুতাপ করতে এবং যীশুকে বিশ্বাস করার কথা বলতে তিনি আমাদের তাদের কাছে পাঠান।

মন্দ লোকেরা অনুতাপ করে ঈশ্বরের কাছে ফিরে এসেছে এরকম অন্যান্য উদাহরণের বিষয় শিশুদের বলতে দিন, সম্ভবতঃ যখন তাদের কাছে অনুতাপের বিষয় ব্যাখ্যা করার জন্য কোন দক্ষ শিক্ষক ছিল না।

মুখস্থ পদঃ যিহিফেল ১ঃ৬ “অতএব তুমি ইস্রায়েল কুলকে বল, প্রভু সদাপ্রভু এই কথা কহেন, তোমরা ফির, তোমাদের পুত্রলিগণ হইতে বিমুখ হও, তোমাদের

সমস্ত ঘৃন্য কার্য হইতে বিমুখ হও।”

কবিতাঃ চারজন শিশুর প্রত্যেককে যোনা ২ঃ২, ৩, ৫ এবং ৬ পদগুলি একটি করে আবৃত্তি করতে দিনঃ

“আমি সঙ্কট প্রযুক্ত সদাপ্রভুকে ডাকিলাম, আর তিনি আমাকে উত্তর দিলেন,

আমি পাতালের উদর হইতে আর্তনাদ করিলাম, তুমি আমার রব শ্রবণ করিলে।

তুমি আমাকে অগাধ জলে, সমুদ্রগর্ভে, নিক্ষেপ করিলে, আর শ্রোত আমাকে বেঁটন করিল,

তোমার সকল ঢেউ, তোমার সকল তরঙ্গ, আমার উপর দিয়া গেল।

জলরাশি আমাকে ঘেরিল, প্রাণ পর্য্যন্ত উঠিল,

জলধি আমাকে বেঁটন করিল, মৃনাল আমার মস্তকে জড়াইল।

আমি পর্ব্বতগণের মূল পর্য্যন্ত নামিয়া গেলাম;

আমার পশ্চাতে পৃথিবীর অর্গল সকল চিরতরে বদ্ধ হইল;

তথাপি হে আমার ঈশ্বর সদাপ্রভু, তুমি আমার প্রাণকে কূপ হইতে উঠাইলে।”

অনুতাপ করা এবং ঈশ্বরের ক্ষমা লাভের বিষয় বড় শিশুদের কবিতা বা গান লিখতে দিন।

প্রার্থনাঃ “প্রভু, তুমি পৃথিবীর সব লোকদের প্রেম কর, এমন কি যারা আমাদের ঘৃণা করে তাদেরও। আমরা তাদের জন্য প্রার্থনা করি যে তুমি তাদের কাছে যীশুর বিষয় বলার জন্য বার্তাবাহকদের প্রেরণ করবে। যারা আমাদের থেকে ভিন্ন প্রকৃতির লোক, তাদেরকে প্রেম করতে এবং তাদের কাছে তোমার বাণী নিয়ে যেতে আমাদের সাহায্য কর।”



Sea Weed